ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৮৪৯
আগরতলা, ১২ ফেব্রুয়ারি, ২০২৪

## ফ্ল্যাগ কোড অব ইন্ডিয়া
## স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশিকা

'ফ্ল্যাগ কোড অব ইন্ডিয়া' অনুসারে জাতীয় পতাকা ব্যবহার সম্পর্কে ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রক থেকে কিছু নির্দেশিকা জারি করা হয়েছে। বিশেষ করে জাতীয় উৎসব, সাংস্কৃতিক, খেলাধুলার অনুষ্ঠানে ব্যবহৃত কাগজের জাতীয় পতাকা যেন অনুষ্ঠান শেষে মাটিতে ফেলে দেওয়া না হয় এবং যথাযোগ্য মর্যাদার সাথে সেগুলিকে সরানোর ব্যবস্থা করা হয় সেজন্য ভারত সরকারের উপসচিব পান্ডে প্রদীপ কুমার রাজ্য সরকারকে নিশ্চিত করতে বলেছে। তাছাড়া বলা হয়েছে 'ফ্ল্যাগ কোড অব ইন্ডিয়া ২০০২' (যা নাকি ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখে সংশোধিত হয়) অনুযায়ী হাতে বোনা কিংবা মেশিনে কোন জাতীয় পতাকা সূতী/ পলিয়েস্টার/ উল/ সিল্ক/ খাদি ইত্যাদি উপাদানের হতে হবে। উপযুক্ত মর্যাদা সহ কোন ব্যক্তি/ বেসরকারি সংস্থা/ শিক্ষা প্রতিষ্ঠান প্রতিদিন বা বিশেষ দিনে/ অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করতে পারবে।

আবার ২০ জুলাই, ২০২২ এর সংশোধনের পর বলা হয়েছে 'খোলা জায়গায় বা কারো বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করলে তা দিবারাত্র সব সময় উত্তোলিত রাখা যাবে।' জাতীয় পতাকা আয়তাকারের হবে এবং দৈর্ঘ্য প্রস্থের অনুপাত হতে হবে ৩:২। নষ্ট বা ভাজ হওয়া জাতীয় পতাকা উত্তোলন করা যাবে না এবং তা একমাত্র সেই উদ্দেশ্যেই ব্যবহৃত মাস্তুল থেকে উপযুক্ত স্থানে প্রদর্শন করা যাবে, অন্য কোন পতাকার সাথে একই মাস্তুলে জাতীয় পতাকা উত্তোলন করা যাবে না। ফ্ল্যাগ কোড-এর Section IX (part III)-এ উল্লিখিত বিশিষ্ট ব্যক্তি যেমন রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্যপাল ছাড়া অন্য কারো বাড়িতে জাতীয় পতাকা ব্যবহার করা যাবে না। জাতীয় পতাকার পাশে বা উপরে অন্য কোন পতাকা বা প্রতীক চিহ্ন রাখা যাবে না। এসম্পর্কে বিস্তারিত তথ্য স্বরাষ্ট্র মন্ত্রকের ওয়েবসাইট www.mha.gov.in- এ পাওয়া যাবে।

*****